방글라데시아어

বিদেশী কর্মীদের অধিকার এবং স্বার্থ সুরক্ষা সম্পর্কিত তথ্য বিজ্ঞপ্তি

বৈষম্য এবং মানবাধিকার লঙ্ঘন সহ অন্যায্য আচরণ নিষিদ্ধ করা হবে।

①(চাকরির শর্তাবলী) চাকরির শর্তাবলীতে অসঙ্গতি এবং বেতন দিতে বিলম্ব করা, যেমন কোরিয়ান নাগরিকদের তুলনায় বেতন বৈষম্য

- ◯ "কোম্পানি সমস্যায় পড়েছে" অথবা "আপনি একজন বিদেশী নাগরিক" বলে **মজুরির** পার্থক্য করা, **বিভিন্ন ভাতা এবং অবসর ভাতা** পরিশোধে ব্যর্থতা এবং **ন্যূনতম মজুরি** লঙ্ঘন।
- ◯ **বিশ্রাম/কর্মঘন্টা** লঙ্ঘন এবং "প্রদত্ত দায়িত্বগুলি নিয়ে খুব ব্যস্ত আছি" অথবা "মোটের উপর আপনি টাকা কামাতে এসেছেন" বলে **বেতনসহ বার্ষিক ছুটি** দিতে ব্যর্থতা।

②(অবমাননাকর ভাষা বা গালিগালাজ/মারধোর) শেখানো এবং দায়িত্ব পালনের নির্দেশনার নাম করে গালিগালাজ/মারধোর এবং হয়রানি করা

- ◯ নির্দেশাবলী অনুসরণে ব্যর্থতার অজুহাতে কর্মস্থলে **অবমাননাকর ভাষা ব্যবহার/মারধোর এবং হয়রানি করা,** যার মধ্যে রয়েছে গালিগালাজ বা শারীরিক আক্রমণ।
- ◯ **যৌন হয়রানি/মারধোর,** যার মধ্যে রয়েছে কর্মী নিবাসের (ডরমিটরি) ভিতরে বা কাজের নির্দেশনার (প্রশিক্ষণ দেওয়ার) অজুহাতে অতিরিক্ত শারীরিক যোগাযোগ।

③(শিল্প দুর্ঘটনা) শিল্প দুর্ঘটনার ঘটনা গোপন করা এবং শিল্প দুর্ঘটনার ক্ষতিপূরণের জন্য আবেদন এড়িয়ে যাওয়া

- ◯ পেশাগত দুর্ঘটনা ঘটলে **শিল্প দুর্ঘটনার** কথা রিপোর্ট না করা সহ **গোপন করা**
- ◯ বিদেশী নাগরিক হওয়ার অজুহাতে শিল্প দুর্ঘটনা বীমা সহ **ক্ষতিপূরণের জন্য আবেদন করতে বাধা সৃষ্টিকারী যেকোনো কাজ**

④(মানবাধিকার লঙ্ঘন) কর্মক্ষেত্রের বাইরে মানবাধিকার লঙ্ঘনজনিত বিভিন্ন কাজ

- ◯ **অবৈধ অস্থায়ী ভবন কাঠামোতে** (ভিনাইল গ্রিনহাউস, কন্টেইনার, ইত্যাদি) থাকতে দেওয়া এবং **থাকা-খাওয়া বাবদ অতিরিক্ত খরচ কেটে রাখা**
- ◯ মৌলিক অধিকার লঙ্ঘন, যার মধ্যে রয়েছে চলাফেরার অধিকারের উপর সীমাবদ্ধতা আরোপ, যেমন **পরিচয়পত্র এবং ব্যাংক বই জব্দ করে রাখা**

বৈষম্য সহ কখনও কোনো অন্যায্য আচরণ কখনও ঘটলে আপনার রিপোর্ট দাখিল করার অধিকার রয়েছে।

রিপোর্ট করার কেন্দ্র

সারা দেশ জুড়ে শ্রম অফিসগুলিতে থাকা সিভিল সার্ভিস অফিস, চাকরি কেন্দ্রগুলিতে বহুভাষিক পরামর্শদাতা, এবং HUG কোরিয়া ইত্যাদি।
※ HUG কোরিয়া (T.1577-0071)-এর মাধ্যমে ১৭টি ভিন্ন ভিন্ন ভাষায় পরামর্শ এবং রিপোর্ট দাখিল করা যায়
<পিছনে অবস্থান এবং যোগাযোগের তথ্য দেখুন>

রিপোর্ট/পরামর্শ দিবস

「রিপোর্ট করার জন্য উপ-শাখা」 ২০শে আগস্ট (বুধবার), ২০২৫ থেকে প্রতি বুধবার চাকরি কেন্দ্রের বিদেশী মানবসম্পদ টিমের কাছ থেকে

"কেবল রিপোর্ট দাখিলের কারণে আপনার সাথে যেন অন্যায্য আচরণ না করা হয় সে ব্যাপারে আপনাকে সুরক্ষিত রাখা হবে।"

বৈষম্যসহ অন্যায্য আচরণের ক্ষেত্রে আপনার কর্মস্থল পরিবর্তন করার অধিকার রয়েছে।

- ◯ নীতিগতভাবে, বিদেশী কর্মীদের কোরিয়ায় প্রবেশের সময় যে কোম্পানি বা সংস্থার সাথে চাকরির চুক্তি সম্পাদিত হয়েছিল সেখানে কাজ চালিয়ে যেতে হবে; তবে, **প্রযোজ্য আইন দ্বারা নির্ধারিত কারণগুলির ক্ষেত্রে কর্মস্থল পরিবর্তন করা যেতে পারে।** (প্রথম ৩ বছরে ৩ বার + ১ বছর ১০ মাসের মধ্যে ২ বার)
- ◯ বিশেষ করে, **ব্যবসা প্রতিষ্ঠান স্থগিত/বন্ধ হয়ে যাওয়া, নিয়োগকর্তা কর্তৃক নিয়োগের শর্তাবলী লঙ্ঘন, অন্যায্য আচরণ বা আবাসিক সুবিধার মান লঙ্ঘনের ক্ষেত্রে,**
  আপনি তথ্য এবং পরিস্থিতি যাচাইয়ের পর কোনও সংখ্যার সীমা ছাড়াই এবং **নিয়োগকর্তার সম্মতি ছাড়াই** আপনার কর্মস্থল পরিবর্তন করতে পারেন।

কর্মসংস্থান ও শ্রম মন্ত্রণালয়

বিদেশি শ্রমিকদের জন্য পরামর্শ ও অভিযোগ দায়েরের সংস্থাগুলোর যোগাযোগের তথ্য

- বিদেশি শ্রমিক পরামর্শ কেন্দ্র (T.1577-0071)
- সারা দেশের শ্রম দপ্তরের বহুভাষিক পরামর্শদাতার যোগাযোগের তথ্য **(আগস্ট, ২০২৫ থেকে)**

দপ্তর	উপলব্ধ ভাষা	বহুভাষিক পরামর্শদাতার যোগাযোগের তথ্য
মধ্যাঞ্চল দপ্তর	উজবেক, রুশ	032-460-7135
	থাই	032-460-7136
	ভিয়েতনামি	032-460-7137
ইনচন উত্তর শাখা	কম্বোডিয়ান	032-540-2097
বুচন শাখা	বাংলা, ইংরেজি	031-999-0907
	ইন্দোনেশিয়ান	031-999-0908
ইউজংবু শাখা	মঙ্গোলীয়	031-828-0824
	নেপালি, পাকিস্তানি (উর্দু)	031-828-0823
	ভিয়েতনামি	031-828-0902
	কম্বোডিয়ান	031-828-0901
	মিয়ানমার	031-828-0903
গিয়ংগি শাখা	উজবেক	031-290-0879
	মিয়ানমার	031-289-2208
	কম্বোডিয়ান	031-290-0880
	নেপালি	031-290-0876
	থাই	031-290-0888
আনইয়াং শাখা	ভিয়েতনামি	031-463-0774
আনসান শাখা	মিয়ানমার	031-496-1923
পিয়ংটেক শাখা	ইন্দোনেশিয়ান	031-646-1217
	চীনা	031-646-1213
উনজু শাখা	ইংরেজি, হিন্দি	033-769-0952
বুসান দপ্তর	ইংরেজি, ইন্দোনেশিয়ান	051-860-2026
বুসান পূর্ব শাখা	ইন্দোনেশিয়ান	051-559-6606
বুসান উত্তর শাখা	উজবেক	051-330-9925
চ্যাংওন শাখা	চীনা	055-239-3553
	ফিলিপিনো, ইংরেজি	055-239-3552
	উজবেক, রুশ	055-239-3551
	নেপালি, হিন্দি	055-239-3554
উলসান শাখা	উজবেক, কাজাখ	052-228-1913

দপ্তর	উপলব্ধ ভাষা	বহুভাষিক পরামর্শদাতার যোগাযোগের তথ্য
ইয়াংসান শাখা	মিয়ানমার	055-330-6448
	ইংরেজি, রুশ	055-330-6450
	কম্বোডিয়ান	055-330-6451
	চীনা	055-330-6432
	নেপালি, হিন্দি	055-330-6446
জিনজু শাখা	ভিয়েতনামি	055-760-6758
	ভিয়েতনামি	055-760-6759
তংইয়ং শাখা	ভিয়েতনামি	055-730-1922
দেগু দপ্তর	চীনা	053-667-6047
	নেপালি, পাকিস্তানি (উর্দু)	053-667-6048
দেগু পশ্চিম শাখা	কম্বোডিয়ান	053-605-6574
	ইন্দোনেশিয়ান	053-605-6576
	ফিলিপিনো, ইংরেজি	053-605-6575
পোহাং শাখা	ভিয়েতনামি	054-288-3500
গোয়াংজু দপ্তর	নেপালি	062-609-8686
	কম্বোডিয়ান	062-609-8687
	ভিয়েতনামি	062-609-8688
	ইন্দোনেশিয়ান, তিমুরিজ	062-609-8689
ইকসান শাখা	নেপালি, হিন্দি	063-839-0040
গুনসান শাখা	ভিয়েতনামি	063-450-0607
দেজন দপ্তর	ভিয়েতনামি	042-470-8326
	কম্বোডিয়ান	042-470-8328
চংজু শাখা	ফিলিপিনো, ইংরেজি	043-229-0755
চনান শাখা	নেপালি	041-620-9582
	ভিয়েতনামি	041-620-7465
	কম্বোডিয়ান	041-620-9553
	কিরগিজ, রুশ	041-620-9583
চুংজু শাখা	নেপালি, ইংরেজি	043-850-4052
	ভিয়েতনামি	043-850-4051
বোরিয়ং শাখা	ভিয়েতনামি	041-930-6267